# The Baptist Tabernacle of Los Angeles

1329 South Hope Street, L.A. Civic Center

Mailing Address:
P. O. Box 15308
Los Angeles, CA 90015
Phone: (213) 744-9999
E-mail: rlhymersjr@sbcglobal.net
www.sermonsfortheworld.com
www.baptisttabernacle.com






Dr. R. L. Hymers, Jr.
Senior Pastor

Dr. Christopher L. Cagan
Associate Pastor


ডিসেম্বর 2018

প্রিয় বন্ধু:

‘‘সমস্ত ভয়ের বিরুদ্ধে’’ বইটি হল আমার জীবন কাহিনী, যেটা এই বছরের এপ্রিল মাসে প্রকাশিত হয়েছে। যারা আমার বইটির প্রশংসা করেছেন তাদের মধ্যে রয়েছেন ডঃ বব জোন্স III, যিনি আমাকে বলেছেন যে আমি হলাম ‘‘একজন পুরানো নিয়মের ভাববাদী’’ এর মতন। ডঃ বিল মনরোই, BBFI (বিবিএফআই) এর দুইবারের সভাপতি, বলেছেন, ‘‘হেইমার্স হলেন একজন আধুনিক কালের দানিয়েল।’’ আর BBF (বিবিএফ) এর প্রতিষ্ঠাতা ডঃ জন্ রওলিংস এর ছেলে, এবং রওলিংস ফাউন্ডেশনের প্রধান, ডঃ হারবার্ট রওলিংস, আমাকে বলেছেন, ‘‘একজন আদি আমেরিকান! একজন স্বপ্নদর্শী! খ্রীষ্টের কারণে...তার জীবন পার্থক্য তৈরীতে উৎসাহ দেখায়।’’ সুসমাচার প্রচারক ডন্ বয়েজ বলেছেন, ‘‘‘সমস্ত ভয়ের বিরুদ্ধে’ বইটি সকলের পড়া উচিৎ, কেবলমাত্র সুসমাচার প্রচারকদের নয়। হেইমার্স প্রত্যেকের জন্যই একটা আদর্শ...তার জীবন কাহিনী বর্তমান সময়ের চাহিদা – সাহস, প্রতিশ্রুতি, এবং চরিত্র একত্রিত করতে প্রয়োজন।’’

যখন আমি এই সব বিখ্যাত খ্রীষ্ট বিশ্বাসীদের আমার সম্বন্ধে এইভাবে বলতে শুনি, আমি কোন কোন সময়ে আশ্চর্য হই যে এটা কিভাবে সম্ভব হয়েছিল। আমি মাঝে মাঝেই আশ্চর্য হই, ‘‘কিভাবে আমি এই ধরণের এক ব্যক্তিতে পরিণত হলাম?’’ আমার সেবাকাজের প্রথমদিকে, এমনকী আমাকে প্রচার করার আহ্বান জানানোর আগে, ঈশ্বর আমাকে আমার জীবনের পদ দিয়েছিলেন,

> ‘‘যিনি আমাকে শক্তি দেন, তাঁহাতে আমি সকলই করিতে পারি’’ (ফিলিপীয় 4:13)।

প্রায় 61 বছর যাবৎ আমি সেই প্রতিজ্ঞা সত্য হয়েছে বলে দেখছি। আমার সমগ্র জীবনে আমি অনেক প্রতিদ্বন্দীতা এবং বাধার সম্মুখীন হয়েছি। কিন্তু আমি প্রতিটি যুদ্ধে জয়লাভ করেছি কারণ আমি সবসময়ে সম্পূর্ণভাবে যীশু খ্রীষ্টের ওপরে নির্ভরশীল ছিলাম। খ্রীষ্টের কারণে আমি অবিশ্বাস্য সব বাধা জয় করেছি এবং বিশ্বের চারিদিকে লক্ষ লক্ষ মানুষের অনুপ্রেরণায় পরিণত হয়েছি। আমি প্রতিটি যুদ্ধ জয় করেছি কারণ আমি সম্পূর্ণভাবে যীশু খ্রীষ্টের ওপরে নির্ভরশীল ছিলাম।

এইগুলি হল শুধুমাত্র ‘‘বৃহৎ’’ যুদ্ধের উদাহরণ। সেখানে <u>বাইবেল-এর ভ্রমশূন্যতার পক্ষে একটি যুদ্ধ</u> ছিল, যেখানে আমাকে দাঁড়াতে হয়েছিল আমার সেমিনারির ভ্রান্ত শিক্ষাদানের বিরুদ্ধে যা শাস্ত্রের মূল্য হ্রাস করছিল। আমি সেই যুদ্ধ জয় করেছিলাম কারণ আমি সম্পূর্ণভাবে যীশু খ্রীষ্টের ওপরে নির্ভর করেছিলাম। তারপরে সেখানে <u>ভয়ংকরভাবে ঈশ্বরনিন্দাপূর্ণ চলচ্চিত্রের বিরুদ্ধে এক লড়াই</u> ছিল, যার নাম ছিল ‘‘খ্রীষ্টের শেষ প্রলোভন,’’ যাতে দেখানো হয়েছে খীষ্ট মেরী মগ্দলিনীর সঙ্গে যৌনকার্যে লিপ্ত হয়েছেন। আমি সেই যুদ্ধে জয়ী হয়েছিলাম কারণ আমি সম্পূর্ণভাবে যীশু খ্রীষ্টের ওপরে নির্ভর করেছিলাম। টেলিভিশন এবং খবরের কাগজের ‘‘অসত্য’’ খবরগুলি আমাকে একজন যিহূদি বিদ্বেষী বলে দোষী করেছিল। আমি সেই যুদ্ধে জয়লাভ করেছিলাম, এবং সেই অভিযোগ থেকে সম্পূর্ণভাবে মুক্ত হতে পেরেছিলাম, কারণ আমি যীশু খ্রীষ্টের ওপরে, এবং একমাত্র তাঁর ওপরেই নির্ভর করেছিলাম। এরপরে সেখানে ছিল <u>গর্ভপাতের বিরুদ্ধে চালানো যুদ্ধ</u>। রেভাঃ জন্ শমূয়েল কেগান, আমার সহায়ক, বলেছিলেন, ‘‘ডঃ হেইমার্স দুটি গর্ভপাত ক্লিনিক বন্ধ করতে সর্বতোভাবে একটি সামগ্রীক যুদ্ধে তার

মন্ডলীকে চালিত করেছিলেন। যতক্ষণ না উভয় ক্লিনিক চিরতরে বন্ধ হয়েছিল তিনি থামেননি।'' যীশুকে সঙ্গে করে আমি দাঁড়িয়েছিলাম, এবং আমরা সেই লড়াই জিতেছিলাম কারণ আমরা খ্রীষ্টে নির্ভর করেছিলাম। তারপরে এসেছে আমাদের মন্ডলীগৃহ রক্ষা করার যুদ্ধ। একজন ধূর্ত ও পাপপূর্ণ মানুষ আমাদের মন্ডলীর 320 জন সদস্য ছিনিয়ে নিয়েছিল এবং আমরা আমাদের মন্ডলীগৃহ প্রায় হারাতে চলেছিলাম। এই যুদ্ধেও আমরা জয়ী হতে সক্ষম হয়েছিলাম, কারণ ''যিনি আমাকে শক্তি দেন, তাঁহাতে আমি সকলই করিতে পারি।'' যখন আমি এই ধরণের যুদ্ধে লিপ্ত ছিলাম, আমি চিহ্নিত করেছিলাম যে কোনটি সঠিক পক্ষ এবং কোনটি ভুল পক্ষ। তখন আমি সঠিক পক্ষ গ্রহণ করেছিলাম, এবং আমি সবসময়ে জয়ী হয়েছি কারণ ''যিনি আমাকে শক্তি দেন, তাঁহাতে আমি সকলই করিতে পারি।''

এই সময়ে, যখন অনেক প্রচারকই অন্য মন্ডলী থেকে সদস্য চুরি করে নিজেদের মন্ডলী গঠন করার চেষ্টা করছিলেন, সেখানে আমাকে তা কখনো করতে হয়নি কারণ জগৎ থেকে হারানো মানুষদের জয় করতে আমি সক্ষম ছিলাম। কেন? কারণ ''যিনি আমাকে শক্তি দেন, তাঁহাতে আমি সকলই করিতে পারি।'' সেই হলো কারণ! সেই কারণে সমগ্র জগতে সুসমাচার নিয়ে যাওয়ার যুদ্ধে আমরা জয়ী হয়েছি। বর্তমানে আমাদের ওয়েবসাইট থেকে 40টি ভাষায়, আমার ধর্মোপদেশ 221 টিরও বেশী দেশের 1.5 মিলিয়ন লোক পড়ছেন – কারণ ''যিনি আমাকে শক্তি দেন, তাঁহাতে আমি সকলই করিতে পারি।''

রেভাঃ জন্ কেগান বলেছিলেন, ''দীর্ঘ অভিজ্ঞতার মাধ্যমে ডঃ হেইমার্স জানেন যে একমাত্র নিশ্চিত ভিত্তি যার উপরে একজনকে জীবন গড়তে হয় তা হলো দৃঢ় পাষাণ – সেই মানুষ খ্রীষ্ট যীশু।''

আমার ছেলে রবার্ট বলেছেন, ''কেবলমাত্র গুটিকয়েক লোক আমার বাবাকে বুঝতে পেরেছেন, কারণ তিনি অন্যান্য সাধারণ মানুষদের মতন চিন্তা করেন না। তিনি ঈশ্বরের সঙ্গে গমনাগমন করেন।'' প্রত্যেকটি লড়াইয়ে আমি জয়লাভ করেছি যা আমি লড়েছিলাম কেবল একটাই কারণে যে – ''যিনি আমাকে শক্তি দেন, তাঁহাতে আমি সকলই করিতে পারি।'' সেই কারণে আমাদের এই মন্ডলী রয়েছে। সেই কারণে, যখন আমি বলি যারা আমার প্রচারের ফলে পরিত্রাণ পেয়েছেন তারা উঠে দাঁড়ান, তখন প্রায় প্রত্যেকেই উঠে দাঁড়ান। কেবলমাত্র দুইজন ব্যক্তি অন্য কোথাও পরিত্রাণ লাভ করেছিলেন।

আমার বিশ্বস্ত সহকর্মী ও বন্ধু, ডঃ ক্রিষ্টোফার এল. কেগান, বলেছেন, ''ডঃ হেইমার্স হলেন একজন ব্যক্তি যিনি পদস্খলিত, চূর্ণিত এবং ভগ্ন অবস্থা থেকে নিজেকে তুলে আনতে পারেন এবং প্রভূত বাধা অতিক্রম করতে পারেন লোকদের এই দেখাতে যে যীশু খ্রীষ্ট তাদেরও সাহায্য করতে পারেন।''

ডঃ এডি পুরাওয়ান্ট বলেছিলেন, ''যখন ঈশ্বর একজন মানুষের সঙ্গে রয়েছেন, তাকে পরাজিত করা যায় না।''

ডঃ রবার্ট এল. শুমনার বলেছিলেন, ''আমি একজন মানুষের প্রশংসা ও তাকে শ্রদ্ধা করি যিনি সত্যের পক্ষে দাঁড়াতে সম্মত হন, এমনকী যখন সব বাধা তার বিপক্ষে থাকে তখনও। রবার্ট লেসলী হেইমার্স, জুনিয়র হলেন সেই ধরণের একজন খ্রীষ্ট বিশ্বাসী।''

ডঃ কেন্ট ফিলপট বলেছেন, ''যাদের সম্বন্ধে আমাদের কেউ এখনও পর্যন্ত শুনেছেন তাদের মধ্যে ডঃ হেইমার্স হলেন একজন শ্রেষ্ঠ প্রচারক, এক প্রকৃত 'প্রাচীন ব্যক্তি।' তার দৃষ্টি সর্বদা খ্রীষ্টের সুসমাচারের প্রতি [উপরে] নিবদ্ধ ছিল।''

ডঃ নিয়েল ওয়েভার বলেছিলেন, ''ডঃ হেইমার্স হলেন একজন সাহসী মানুষ, যার ছিল দৃঢ় প্রত্যয়, এবং প্রত্যয়ের বিরুদ্ধে থাকা সব বাধার বিরুদ্ধে লড়াই করতে যিনি [ইচ্ছুক] ছিলেন।''

ডঃ ফিল গোব্‌লে বলেছিলেন, ''...আধুনিক জগতের হিংসাত্মক মল্লযুদ্ধে, তার মতন করে বিশ্বাসের উত্তম যুদ্ধে লড়াই করতে, এই মহান বিজয়ী প্রচারককে অনুসরণ করুন।''

ডঃ ক্রিষ্টোফার এল. কেগান, বলেছেন, ''ডঃ আর. এল. হেইমার্স, জুনিয়র হলেন একজন মানুষ যিনি অসম্ভবকে অর্জন করেছেন – সব ভয়ের বিরুদ্ধে! আমি জানি, কারণ চল্লিশ বছরেরও বেশী সময় ধরে আমি তার সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেছি।''

মাত্র 10.00 ডলারের বিনিময়ে, আপনি আমার আত্মজীবনী, ''সমস্ত ভয়ের বিরুদ্ধে'' এর একটা কপি পেতে পারেন। ডঃ সি. এল. কেগানকে লিখুন, পি.ও. বক্স 15308, লস এঞ্জেলস, ক্যালিফোর্নিয়া 90015 এই ঠিকানায়। আপনার চেকের উপরে ''CHRISTMAS LETTER'' কথাটি লেখার বিষয়ে নিশ্চিত থাকবেন এবং


আপনি $10.00 ছাড় পাবেন। $10.00 পাঠান এবং আমার জীবন কাহিনী সংগ্রহ করুন!

আমি ঈশ্বরের কাছে প্রার্থনা করব যেন বড়দিনের সময়ে তিনি আপনাকে আশীর্বাদ করেন। আর সেই সঙ্গে নতুন বছরেও যেন তিনি আপনাকে আশীর্বাদ করেন! যীশু খ্রীষ্ট প্রশংসিত হোন!



ডঃ হেইমার্স এর সঙ্গে তার স্ত্রী এলিনা, ছেলে রবার্ট, রবার্টের স্ত্রী জিন, এবং রবার্টের দুই শিশুকন্যা, হান্না ও সারা।

যীশুর নামে আপনার



আর. এল. হেইমার্স, জুনিয়র,
ডি.মিন., টিএইচ.ডি., লিট.ডি.
ফিলিপীয় 4:13



হেইমার্সের পরিবারের সঙ্গে, মিসেস হেইমার্সের কাকা ফ্রান্সিসকো কাস্ত্রো, ক্যারোলিনা, ব্রিয়ানা, গুয়েতেমালা থেকে পরিদর্শন করতে আসা এরউইন সিউলার এবং আন্তিওয়ান।



ডঃ এবং মিসেস হেইমার্স এর সঙ্গে ডঃ এলমার এল. টাউনস্, যিনি আমাদের শ্রমিক দিবসের সপ্তাহান্তিক বাইবেল কনফারেন্সে শিক্ষাদান করেছেন।

**আমাদের ওয়েবসাইট WWW.SERMONSFORTHEWORLD.COM**
**চল্লিশটি ভাষায় শব্দ ধরে ধরে করা ধর্মোপদেশ প্রকাশ করে।**